সিনিয়র সিস্টেম এনালিষ্ট এর দপ্তর
পরিকল্পনা বিভাগ
ডাইরী নং ........ তারিখ ২৩/১২
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৩৭৬.২০/ ৪২

তারিখঃ ০৮ পৌষ, ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ **২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের নির্দেশিকা (Guidelines)।**

বাংলাদেশের উন্নয়ন রূপকল্প-২০২১-এর অভীষ্ট লক্ষ্য অর্জনে প্রণীত প্রেক্ষিত পরিকল্পনা (২০১০-২০২১), সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০২০) এবং জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর উন্নয়ন কৌশল ও লক্ষ্যমাত্রা সমূহের আলোকে গৃহীত অর্থনৈতিক খাত ভিত্তিক উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের প্রধান মাধ্যম বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)। জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন ও দ্রুত দারিদ্র নিরসনের লক্ষ্যে প্রণীত ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি সংশোধনের কাজ শুরু করা হয়েছে। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের সময় ২০২০-২১ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহে প্রদত্ত বরাদ্দ সংশোধন, আরএডিপিতে অন্তর্ভুক্তিযোগ্য অনুমোদিত নতুন প্রকল্পে বরাদ্দ প্রদান এবং আরএডিপিতে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প ও বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে প্রতিফলিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তিসহ অন্যান্য ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

২। **সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার ও অর্থনৈতিক খাত/উপ-খাত/সেক্টর/সাব-সেক্টর/প্রকল্প ভিত্তিক বরাদ্দ নির্ধারণঃ**

দেশের সামষ্টিক অর্থনৈতিক অবস্থা বিশেষ করে অর্থনৈতিক প্রবৃদ্ধি, মুদ্রাস্ফীতি, সরকারি ও বেসরকারি খাতের বিনিয়োগ চাহিদা, সম্পদের লভ্যতা, স্থানীয় সম্পদ সংগ্রহ এবং বৈদেশিক সাহায্যের প্রাপ্তি ও ব্যবহারের সক্ষমতা, অর্থ ব্যয়ের ধারা ইত্যাদি বিবেচনায় নিয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার নির্ধারণ করা হয়। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ আরএডিপি'র জন্য প্রাক্কলিত মোট সম্পদ (স্থানীয় উৎস ও বৈদেশিক উৎসের বিভাজনসহ) নির্ধারণপূর্বক পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগকে অবহিত করে থাকে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ আরএডিপি'র জন্য সেক্টর ভিত্তিক ও প্রকল্পওয়ারী প্রকল্প সাহায্য; জাপান ঋণ মওকুফ তহবিল (জেডিসিএফ); জাপান ঋণ মওকুফ অনুদান তহবিল (ডিআরজিএ) এবং জাপান ঋণ মওকুফ অনুদান প্রতিরুপ তহবিল (ডিআরজিএসিএফ) এর বরাদ্দ নির্ধারণপূর্বক যুগপৎভাবে সেক্টর বিভাগসমূহ এবং কার্যক্রম বিভাগকে অবহিত করবে। আরএডিপি'র মোট আকার নির্ধারণের পর কার্যক্রম বিভাগ অর্থনৈতিক সেক্টর ভিত্তিক অগ্রাধিকার, চলমান প্রকল্পসমূহের চাহিদা, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিবেচনা করে অর্থনৈতিক খাত/উপখাত ভিত্তিক বরাদ্দ বিভাজন করে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহকে অবহিত করবে। অর্থনৈতিক খাত/উপখাতভিত্তিক বরাদ্দ বিবেচনায় রেখে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্পওয়ারী বরাদ্দ প্রস্তাবের যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষা করে ও প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করে প্রকল্পওয়ারী বরাদ্দ নির্ধারণপূর্বক কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। চূড়ান্ত বরাদ্দ সংশোধনের প্রয়োজন হলে এবং তা যৌক্তিক মনে না হলে কার্যক্রম বিভাগ সংশ্লিষ্ট সেক্টর বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনা করে বরাদ্দ সংশোধন করতে পারবে।

৩। **প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দ প্রদানের নির্দেশনাঃ**

২০২০-২১ অর্থ বছরের সংশোধিত এডিপিতে প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রদানের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করে সকল উদ্যোগী সংস্থা/মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প (চলতি প্রকল্প ও নতুন অনুমোদিত প্রকল্প) ভিত্তিক বরাদ্দ প্রস্তাব আবশ্যিকভাবে ADP/RADP Management System এর মাধ্যমে এবং হার্ডকপি প্রচলিত পদ্ধতি অনুসরণ করে প্রেরণ করবেঃ

ক) **প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দ প্রস্তাবের ক্ষেত্রে অনুসৃতব্য সাধারণ নির্দেশনাঃ**

(১) শুধুমাত্র অনুমোদিত প্রকল্প বরাদ্দসহ আরএডিপিতে অন্তর্ভূক্ত করা যাবে। নতুন অনুমোদিত প্রকল্প অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশ জারি ব্যতীত আরএডিপিতে অন্তর্ভুক্ত করা যাবে না। নতুন অনুমোদিত প্রকল্পের অনুমোদন আদেশ ও প্রশাসনিক আদেশসহ বরাদ্দ প্রস্তাব করতে হবে।

(২) দারিদ্র বিমোচনের সাথে সরাসরি সংশ্লিষ্ট প্রকল্পসহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের অগ্রাধিকার বিবেচনায় রেখে সংশোধিত এডিপিতে বরাদ্দ প্রস্তাব করতে হবে।

(৩) আরএডিপিতে অর্থ বরাদ্দ প্রদানের ক্ষেত্রে কোভিড-১৯, কৃষি, কৃষিভিত্তিক শিল্প, বিদ্যুৎ উৎপাদন, আইসিটি শিক্ষার উন্নয়ন, দারিদ্র হ্রাসকরণ এবং প্রাকৃতিক দুর্যোগ যেমন ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, বন্যা, অতিবৃষ্টি ইত্যাদির ক্ষয়ক্ষতি পুনর্বাসন সংক্রান্ত প্রকল্পে বরাদ্দ প্রদানে অগ্রাধিকার দিতে হবে।

(৪) সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দ প্রদানে সরকারি - বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে গৃহীত উদ্যোগ বাস্তবায়নে সহায়ক প্রকল্প (Link Project) গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে।

(৫) বৈদেশিক সাহায্যপুষ্ট (সাহায্য চুক্তি স্বাক্ষরিত/সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত) প্রকল্পে চলতি অর্থ বছরে প্রাপ্ত বৈদেশিক সাহায্য ব্যবহারের নিমিত্ত পরিপূরক স্থানীয় মুদ্রা (Matching Fund) বরাদ্দের দাবী/প্রস্তাবকে অগ্রাধিকার দিতে হবে।

(৬) সংশোধিত এডিপিতে এলাকা/অঞ্চল ভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহে বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে।

(৭) ধীর গতি সম্পন্ন প্রকল্প বা রুগ্ন প্রকল্প হতে বরাদ্দ হ্রাস করে দ্রুত বাস্তবায়ন গতি সম্পন্ন প্রকল্পে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করতে হবে।

(৮) সংশোধিত এডিপি'র খাত ও উপ-খাত (সেক্টর/সাব-সেক্টর) এর নির্ধারিত স্থানীয় মুদ্রায় মোট বরাদ্দ অপরিবর্তিত রেখে অগ্রাধিকারের ভিত্তিতে আন্তঃ প্রকল্প বরাদ্দ সমন্বয় করা যাবে।

(৯) অনুমোদিত ডিপিপিতে প্রাইস কন্টিনজেন্সি ও ফিজিক্যাল কন্টিনজেন্সি খাতে সংস্থানকৃত অর্থ ব্যবহার সংক্রান্ত নীতিমালা অনুযায়ী যথাযথ কতৃপক্ষের অনুমোদনক্রমে ডিপিপি'র সংস্থান পরিবর্তন ব্যতিত এ খাতের অর্থ কোন প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান করা যাবে না।

(১০) জেডিসিএফ, ডিআরজিএ ও ডিআরজিএসিএফ স্থানীয় উৎস হিসেবে বিবেচিত হবে।

খ) **চলতি ২০২০-২১ অর্থ বছরে প্রকল্পের মূল এডিপি বরাদ্দ সংশোধনে অনুসৃতব্য নির্দেশনাঃ**

(১) প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় এবং ক্রমপুঞ্জিত ব্যয়ের নিরিখে চলতি অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুসারে অর্থ বছরের বাকি সময়ে যুক্তিসঙ্গত ও সম্ভাব্য ব্যয় বিবেচনায় সংশোধিত এডিপিতে অর্থ বরাদ্দের প্রস্তাব করতে হবে।

(২) চলতি অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে চলমান ধীর গতি সম্পন্ন প্রকল্প অথবা অন্য কোন প্রকল্প হতে উপযোজনের মাধ্যমে প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিত করতে হবে।

(৩) অতিরিক্ত বরাদ্দ প্রদান কিংবা উপযোজনের মাধ্যমে কোন চলতি প্রকল্পের বরাদ্দ সংশোধন করা হয়েছে এমন প্রকল্পে সংশোধিত বরাদ্দ প্রস্তাব প্রতিফলন করতে হবে।

(৪) কোন চলতি প্রকল্পে বরাদ্দ প্রস্তাবের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে তা যেন ইতোমধ্যে ছাড়কৃত অর্থের তুলনায় কম না হয়।

(৫) প্রকল্প সাহায্য বরাদ্দের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে স্বাক্ষরিত চুক্তির মেয়াদ বিবেচনায় রেখে ২০২০-২১ অর্থ বছরে যুক্তিসংগত এবং সম্ভাব্য ব্যয়ের ভিত্তিতে স্থানীয় মুদ্রা ও প্রকল্প সাহায্য বরাদ্দের প্রস্তাব করতে হবে।

(৬) প্রকল্প সাহায্য (ডিপিএ/আরপিএ), জেডিসিএফ, ডিআরজিএ ও ডিআরজিএসিএফ বরাদ্দের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত বরাদ্দ চূড়ান্ত বলে গণ্য হবে।

(৭) সরকারের আমদানী শুল্ক ও মূল্য সংযোজন করের (সিডি ভ্যাট) হার এবং আমদানী পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুসারে সিডি ভ্যাট বাবদ প্রয়োজনীয় বরাদ্দের প্রস্তাব করতে হবে।

(৮) প্রকল্পের জিওবি বরাদ্দ অংশে নগদ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হলে উক্ত বরাদ্দ প্রস্তাব আরএডিপি ছকের অন্যান্য কলামে (কলাম নং ১৮) প্রতিফলন করতে হবে।

(৯) অনুমোদিত/সংশোধিত অননুমোদিত প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত বরাদ্দ প্রস্তাব করা যাবে না। এছাড়া সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ব্যয় (আরএডিপি ছকের কলাম-৪ ও ৫) প্রতিফলন করতে হবে।

(১০) প্রকল্পের প্রস্তাবিত বরাদ্দের খাত ভিত্তিক (টাকা, প্রকল্প সাহায্য, টাকাংশ, মূলধন, রাজস্ব, সিডি ভ্যাট, নগদ বৈদেশিক মুদ্রা ইত্যাদি) বিভাজনের ক্ষেত্রে সর্বশেষ অনুমোদিত ডিপিপি'র সংস্থানের অতিরিক্ত প্রস্তাব করা যাবে না।

গ) <u>অনুমোদিত নতুন প্রকল্পে অর্থ বরাদ্দ প্রস্তাবের ক্ষেত্রে অনুসৃতব্য নির্দেশনাঃ</u>

(১) এডিপিতে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত অথবা তালিকা বর্হিভূত কোন বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা প্রকল্প অনুমোদিত হলে (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন আদেশ জারি হতে হবে) সেসব প্রকল্প সংশোধিত এডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্ত করতে হবে।

(২) নতুন অনুমোদিত কোন প্রকল্পের অনুকূলে ইতোমধ্যে কোন অর্থ ছাড় করা হয়ে থাকলে সংশোধিত এডিপিতে বরাদ্দ প্রস্তাবের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন তা ছাড়কৃত অর্থের তুলনায় কম না হয়।

(৩) চলতি উন্নয়ন প্রকল্পের সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিতকরণ সাপেক্ষেই শুধুমাত্র অপরিহার্য নতুন প্রকল্পের জন্য বরাদ্দ প্রস্তাব করতে হবে।

(৪) কোন বৈদেশিক সহায়তাপুষ্ট কারিগরি সহায়তা প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা/দেশের সাথে চুক্তি স্বাক্ষরিত হলে এবং/অথবা উক্ত চুক্তি স্বাক্ষরের ভিত্তিতে এসপিইসি কর্তৃক সুপারিশকৃত হলে প্রকল্পটি বরাদ্দসহ সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে।

(৫) কোন বৈদেশিক সহায়তাপুষ্ট নতুন অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সাহায্য বরাদ্দ সাপেক্ষে প্রয়োজনীয় জিওবি ম্যাচিং ফান্ড বরাদ্দের প্রস্তাব করা যাবে।

(৬) সম্পদের সীমাবদ্ধতা বিবেচনা করে সংশোধিত এডিপিতে নতুন প্রকল্প গ্রহণের চেয়ে চলমান প্রকল্প সমাপ্ত করার উপর সবিশেষ গুরুত্ব দিতে হবে।

(৭) যে সকল অনুমোদিত নতুন প্রকল্পের ডিপিপিতে জমি অধিগ্রহণের সংস্থান রয়েছে সে সকল প্রকল্পে ১ম বছর শুধুমাত্র জমি অধিগ্রহণসহ প্রকল্প শুরু করার জন্য যে সকল কার্যক্রম প্রয়োজন শুধুমাত্র সে জন্য প্রয়োজনীয় অর্থ আরএডিপিতে বরাদ্দ প্রস্তাব করতে হবে।

উপরি-উক্ত নির্দেশনার আলোকে সংশোধিত এডিপির প্রধান কর্মসূচির আওতাভুক্ত বিনিয়োগ প্রকল্পে অর্থ বরাদ্দের প্রস্তাব সংযুক্ত <u>ছক 'ক'</u> অনুসারে, কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব <u>ছক 'খ'</u> অনুসারে, জেডিসিএফ এবং ডিআরজিএ/ডিআরজিএসিএফ অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পে অর্থ বরাদ্দ প্রস্তাব সংযুক্ত <u>ছক 'ক'</u> অনুসারে (প্রকল্প সাহায্য উৎসের ঘরে জেডিসিএফ অথবা ডিআরজিএ/ডিআরজিএসিএফ উল্লেখ করতে হবে)।

**৪। সংশোধিত এডিপিতে সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব নিম্নের নির্দেশনা অনুসরণ করে আবশ্যিকভাবে ADP/RADP Management System এর মাধ্যমে প্রেরণ করতে হবেঃ**

(১) সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০২০)'র উন্নয়ন ফলাফল কাঠামোতে (Development Results Framework) চিহ্নিত ক্ষেত্রসমূহের এবং জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জনকে অগ্রাধিকার প্রদান করে অননুমোদিত নতুন প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে। সম্পদের সীমাবদ্ধতা বিবেচনায় রেখে একান্ত অপরিহার্য এবং উচ্চ অগ্রাধিকার প্রাপ্ত না হলে জিওবি অর্থায়নে অননুমোদিত নতুন প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব সাধারণভাবে পরিহার করতে হবে। সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে গৃহীত উদ্যোগ বাস্তবায়নে সহায়ক অননুমোদিত নতুন প্রকল্প (Link Project) অগ্রাধিকার পাবে।

(২) মূল এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত অননুমোদিত নতুন প্রকল্পসমূহ স্বয়ংক্রিয়ভাবে সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত হবে না। সংশোধিত এডিপিতে অননুমোদিত নতুন প্রকল্প সংখ্যা সীমিত রাখার জন্য মূল এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত অননুমোদিত নতুন প্রকল্প তালিকা সংশোধন ও হালনাগাদ করতে হবে। ইতোমধ্যে কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন কর্তৃক জারিকৃত অগ্রাধিকার প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত উচ্চ ও মধ্যম অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্প হতে ২০২০-২১ অর্থ বছরের আরএডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় প্রকল্প অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব করা যাবে। তবে বিশেষ প্রয়োজনে জাতীয় গুরুত্ব বিবেচনায় অন্য প্রকল্পের প্রস্তাব করা যাবে। তাছাড়া, বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নুতন প্রকল্প প্রস্তাবের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবেঃ

- এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত যেসব অননুমোদিত নতুন প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য ৩১ শে ডিসেম্বর, ২০২০ এর মধ্যে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে পাওয়া যাবে শুধু সেসব প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা যাবে। যে সকল প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে পাওয়ার পর মন্ত্রণালয়/ বিভাগে ফেরৎ প্রদান করা হয়েছে ঐ সকল প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে পাওয়া যায়নি মর্মে বিবেচিত হবে।

- কোন প্রকল্প ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের পর উক্ত কর্তৃপক্ষ কর্তৃক তা অনুমোদিত না হয়ে থাকলে সে প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;
- একই সংস্থার আওতায় বাস্তবায়িতব্য একই উদ্দেশ্য/প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প প্রস্তাব (যদি থাকে) পৃথকভাবে প্রণয়ন না করে সেগুলোকে একত্রে একটি প্রকল্পের (গুচ্ছ প্রকল্প) আওতায় আরএডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;
- এডিপিভুক্ত বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্পের মধ্যে কম অগ্রাধিকারপ্রাপ্ত/কম গুরুত্বপূর্ণ প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে।

(৩) সীমিত সম্পদের সুষ্ঠু বাস্তবভিত্তিক ব্যবহার নিশ্চিত করণে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (MTBF) আওতায় মন্ত্রণালয়/বিভাগের জন্য নির্ধারিত প্রাক্কলন/প্রক্ষেপনের মধ্যে সীমাবদ্ধ থেকে প্রকল্প গ্রহণ করতে হবে।

(৪) কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় ভূমিকা রাখবে এমন নতুন অননুমোদিত প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্তিতে অগ্রাধিকার প্রদান করতে হবে।

(৫) বেসরকারি উদ্যোগে বাস্তবায়ন করার সম্ভাবনা রয়েছে এমন প্রকল্প সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে। আরএডিপি'র ৩০% প্রকল্প পিপিপি'তে (Public private partnership) নেয়ার উদ্যোগ গ্রহণ করতে হবে;

(৬) আরএডিপিতে বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাব প্রেরনের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তনের প্রভাব বিবেচনায় নিতে হবে;

(৭) বরাদ্দবিহীন নতুন অননুমোদিত প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে ব-দ্বীপ পরিকল্পনায় চিহ্নিত প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করতে হবে।

(৮) যে সকল বিনিয়োগ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে সে সকল প্রকল্প বরাদ্দবিহীন নতুন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।

(৯) যে সকল বিনিয়োগ প্রকল্পে সরকারের অর্থায়নের পাশাপাশি সংস্থার নিজস্ব অর্থায়নের সংস্থান থাকবে সে সকল প্রকল্প বরাদ্দবিহীন নতুন অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাবের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।

**৫। সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পঃ**

সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে/স্ব-অর্থে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহ সংশোধিত এডিপিতে প্রতিফলন করতে হবে। সংশ্লিষ্ট সকল সরকারি সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনকে নির্ধারিত ছক-'গ' ব্যবহার করে প্রকল্পের এডিপি বরাদ্দ ও হালনাগাদ ব্যয় উল্লেখপূর্বক সংশোধিত এডিপিতে বরাদ্দ প্রস্তাব সংক্রান্ত তথ্য প্রেরণ করতে হবে।

**৬। বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পঃ**

বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব কার্যক্রম বিভাগ কর্তৃক প্রণীত ADP/RADP Management System এর মাধ্যমে প্রেরণ করতে হবে। বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত হয়েছে এমন অননুমোদিত নুতন প্রকল্প সংশোধিত এডিপিতে বরাদ্দবিহীনভাবে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

**৭। ২০২০-২১ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পঃ**

২০২০-২১ অর্থ বছরের এডিপি অনুমোদনের জন্য গত ১৯ মে ২০২০ তারিখে অনুষ্ঠিত এনইসি সভায় অন্যান্যের মধ্যে নিম্নরূপ একটি সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**সিদ্ধান্ত নং- ৬.৭:**

"২০১৯-২০ অর্থ বছরে সংশোধিত এডিপিতে সমাপ্তির জন্য নির্ধারিত ৩১৭ প্রকল্পের মধ্যে করোনা ভাইরাস মহামারির কারনে যে ১৪১টি প্রকল্প সমাপ্ত করা সম্ভব হবে না বিধায় পুনরায় ২০২০-২১ অর্থ বছরের এডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে সেগুলোর অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী অবশিষ্ট কাজ সমাপ্ত করার লক্ষ্যে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে শুধু মেয়াদ এক বছর (জুন ২০২১ পর্যন্ত) বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করা হলো। এ বিষয়ে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ হতে প্রয়োজনীয় সরকারি আদেশ জারী করবে।"

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে যে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে সেসব প্রকল্প এবং এডিপি হতে বাদ পড়া যেসব প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করে ২০২০-২১ অর্থ বছরে বরাদ্দ প্রদান করা হয়েছে সেসব প্রকল্প ২০২০-২১ অর্থ বছরে সমাপ্ত করতে হবে। এছাড়া যেসব প্রকল্প ২০২০-২১ অর্থ বছরে সমাপ্ত করা সম্ভব হবে সেসব প্রকল্পসহ ২০২০-২১ অর্থ বছরে সম্ভাব্য সমাপ্য সকল প্রকল্পের তালিকা AMS এ সঠিকভাবে চিহ্নিত করে প্রেরণ করতে হবে।

**৮। ২০২০-২১ অর্থ বছরে সরকারি-বেসরকারি অংশীদারিত্বে গৃহীতব্য প্রকল্প এবং আইসিটি খাতের বরাদ্দ সংক্রান্ত তথ্যঃ**

এছাড়া এডিপিতে সংযুক্ত সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (PPP ) ভিত্তিতে গৃহীতব্য প্রকল্প তালিকা সংশোধন করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য ছক 'ঘ-১' ও সংক্ষিপ্ত সার ছক 'ঘ-২', আইসিটি খাতে বরাদ্দ প্রদান সম্পর্কিত তথ্য ছক-'ঙ' অনুসারে প্রচলিত নিয়মে হার্ডকপিসহ প্রেরণ করতে হবে।

**৯। ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে অনুসৃতব্য সময়সূচিঃ**

| | | |
|---|---|---|
| ১ | সকল প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রকল্পের অগ্রাধিকার ও বাস্তবায়ন পরিস্থিতি বিবেচনা করে আরএডিপি'র জন্য নির্ধারিত ছকে তথ্য সন্নিবেশপূর্বক হার্ডকপি ও AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। | ০৫/০১/২০২১ |
| ২ | সকল মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রাপ্ত আরএডিপির তথ্য উন্নয়ন অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রার নিরিখে যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক হার্ডকপি ও AMS এর মাধ্যমে আবশ্যিকভাবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ করবে। | ০৭/০১/২০২১ |
| ৩ | পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আরএডিপি'র প্রস্তাব নীতিমালার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে প্রকল্পওয়ারী বরাদ্দ নির্ধারণপূর্বক সকল তথ্য আবশ্যিকভাবে AMS এর মাধ্যমে এবং প্রকল্পভিত্তিক বরাদ্দ প্রস্তাব (বিনিয়োগ, কারিগরি ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প) প্রচলিত নিয়মে হার্ডকপিও কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। | ১২/০১/২০২১ |

১০। উপরি-উক্ত নির্দেশনা (অনুচ্ছেদ ১-৮) এবং অনুচ্ছেদ-৯ এ বর্ণিত সময়সূচি অনুসারে ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত এডিপি'র জন্য চাহিত সকল তথ্যাদি আবশ্যিকভাবে AMS (ADP/RADP Management System) (adp.plancomm.gov.bd) এর মাধ্যমে এবং প্রকল্প ভিত্তিক বরাদ্দ প্রস্তাব (বিনিয়োগ, কারিগরি, জেডিসিএফ ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প) হার্ডকপিও প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

মোঃ আসাদুল ইসলাম
সদস্য (কার্যক্রম)
পরিকল্পনা কমিশন।
ফোনঃ ৯১৮০৭০০

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
............................................................. মন্ত্রণালয়/বিভাগ।
...............................................................................।

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৩৭৬.২০/ ৪২

তারিখঃ ০৮ পৌষ, ১৪২৭ / ২৩ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। সদস্য (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
২। প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।
৩। যুগ্ম-প্রধান (সকল),পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, ঢাকা।

২৩/১২/২০২০

(উম্মে হাসিনা)
সিনিয়র সহকারী প্রধান
ফোন ঃ ৪৮১১৪৩২৫

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৩৭৬.২০/ ৪২

তারিখঃ ০৮ পৌষ, ১৪২৭ / ২৩ ডিসেম্বর ২০২০

২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নিকট যথাসময়ে প্রেরণের অনুরোধসহ স্মারকের অনুলিপি প্রেরণ করা হলঃ

মেয়র/ভাইস চ্যান্সেলর/চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক/মহাব্যবস্থাপক/পরিচালক -------
----------------------------------------------------------------------------------------------------------------।

২৩/১২/২০২০

(উম্মে হাসিনা)
সিনিয়র সহকারী প্রধান
ফোন ঃ ৪৮১১৪৩২৫

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই- বাংলা নগর, ঢাকা। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। সিনিয়র সচিব/সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ/অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, -------------------------------------------------------, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, পরিকল্পনা বিভাগ, শের-ই- বাংলা নগর, ঢাকা **(২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের নির্দেশনাটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)**।

***২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়নের নির্দেশনাটি** পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) পাওয়া যাবে।

ছক-'ক'

# ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ/প্রধান কর্মসূচি)

**সেক্টরঃ**

**সাব-সেক্টরঃ**

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদনের পর্যায় | প্রকল্পের ব্যয় | | ২০২০-২১ অর্থ বছরের মূল বরাদ্দ | | ২০২০-২১ অর্থ বছরের (জুলাই -নভেম্বর) প্রকৃত ব্যয় | | ৩০শে নভেম্বর, ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | | ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুদ্রা) | প্রকল্প সাহায্য (টাকাংশ) | মোট | টাকা | মোট (বৈঃ মুদ্র) | টাকা | মোট | টাকা | মোট | টাকা (রাজস্ব) | ব্যয় খাত | | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ | প্রকল্প সাহায্য (টাকাংশ) | অন্যান্য |
| | | | | | | | | | | | | | মূলধন (টাকাংশ) | রাজস্ব | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |

**চলতি প্রকল্পঃ**

**নতুন প্রকল্পঃ**

**বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।**

ছক-'খ'

# ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (কারিগরি সহায়তা)

**সেক্টরঃ**

**সাব-সেক্টরঃ**

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদনের পর্যায় | প্রকল্পের ব্যয় | | ২০২০-২১ অর্থ বছরের মূল বরাদ্দ | | ২০২০-২১ অর্থ বছরের (জুলাই -নভেম্বর) প্রকৃত ব্যয় | | ৩০ নভেম্বর ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | | ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ | | | | | | | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুদ্রা) | প্রকল্প সাহায্য (টাকাংশ) | মোট | টাকা | মোট (বৈঃ মুদ্র) | টাকা | মোট | টাকা | মোট | টাকা (রাজস্ব) | ব্যয় খাত: মূলধন (টাকাংশ) | ব্যয় খাত: রাজস্ব | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ | প্রকল্প সাহায্য (টাকাংশ) | অন্যান্য | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |

**চলতি প্রকল্পঃ**

**নতুন প্রকল্পঃ**

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

ছক-'গ'

## ২০২০-২১অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে)

সেক্টরঃ

সাব-সেক্টরঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদনের পর্যায় | প্রকল্পের ব্যয় | | ২০২০-২১ অর্থ বছরের মূল বরাদ্দ | | ২০২০-২১ অর্থ বছরের (জুলাই -নভেম্বর) প্রকৃত ব্যয় | | ৩০নভেম্বর ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | | ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ | | | | | | | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুদ্রা) | প্রকল্প সাহায্য (টাকাংশ) | মোট | টাকা | মোট (বৈঃ মুদ্র) | টাকা | মোট | টাকা | মোট | টাকা (রাজস্ব) | ব্যয় খাত | | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ | প্রকল্প সাহায্য (টাকাংশ) | অন্যান্য | |
| | | | | | | | | | | | | | মূলধন (টাকাংশ) | রাজস্ব | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |

চলতি প্রকল্পঃ

নতুন প্রকল্পঃ

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

## ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে Public Private Partnership (PPP) প্রকল্প অন্তর্ভুক্তির প্রস্তাব

সেক্টরঃ
সাব-সেক্টরঃ
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ
সংস্থাঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং (অগ্রাধিকার ক্রমসহ) | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদন পর্যায় | প্রকল্পের ব্যয় | | | ২০২০-২১ অর্থ বছরের বরাদ্দ | | | মন্ত্রণালয়/বিভাগের মতামত | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

বিঃদ্রঃ নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের বাংলা নাম ও ইংরেজী নাম উল্লেখ করতে হবে।

ঘ-২

# ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রস্তাবিত Public Private Partnership (PPP) প্রকল্পের সংক্ষিপ্ত-সার

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/বিভাগের নাম | : | |
| ২। | বাস্তবায়নকারী সংস্থা | : | |
| ৩। | সেক্টর | : | |
| ৪। | সাব-সেক্টর | : | |
| ৫। | প্রকল্পের নাম | : | বাংলায় -<br>ইংরেজীতে- |
| ৬। | বাস্তবায়নকাল | : | |
| ৭। | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | মোট-<br>স্থানীয় মুদ্রা-<br>বৈদেশিক মুদ্রা- |
| ৮। | অর্থায়ন ব্যবস্থা (লক্ষ টাকায়) | : | মোট-<br>উদ্যোক্তা -<br>জিওবি (in kind) |
| ৯। | প্রকল্পের প্রধান উদ্দেশ্য | : | |
| ১০। | প্রকল্পের প্রধান প্রধান কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ | : | |
| ১১। | প্রকল্প এলাকা | : | |

কর্মকর্তার স্বাক্ষর ও
নামঃ

তারিখঃ
সীল

ছক-'ঙ'

২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে আইসিটি খাতে বরাদ্দ প্রদান সম্পর্কিত তথ্য

সেক্টরঃ

সাব-সেক্টরঃ

মন্ত্রণালয়/বিভাগঃ

(লক্ষ টাকা)

| ক্রমিক নং | সংস্থার নাম | আইসিটি খাতে বরাদ্দ প্রাপ্ত প্রকল্প সংখ্যা | ২০২০-২১ অর্থ বছরের আরএডিপিতে প্রস্তাবিত বরাদ্দ | | |
|---|---|---|---|---|---|
| | | | মোট | টাকা | প্রকল্প সাহায্য |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |